



করোনা (COVID-19) রোগী সনাক্তকরণের পরীক্ষায় অনুসরণীয় বিষয় সমূহ

প্রথম সংস্করণ

২৩.০৩.২০২০



করোনা (COVID-19) রোগী সনাক্তকরণের পরীক্ষায় অনুসরণীয় বিষয় সমূহ


নিম্নোক্ত টেবিলটি কোভিড ১৯ রোগী চিহ্নিত হওয়ার পরে অগ্রাধিকার ভিত্তিতে কর্ম পরিকল্পনার প্রায়োগিক নির্দেশনা হিসেবে কাজ করবেঃ

পরীক্ষার উদ্দেশ্য	যেকোন সন্দেহজনক কোভিড-১৯ রোগীর পরীক্ষার উদ্দেশ্যগুলো নিম্নরূপ: <ul style="list-style-type: none">দ্রুত কোভিড-১৯ রোগী সনাক্তকরণ এবং কোভিড-১৯ সংক্রমণের যেকোন প্রমাণ চিহ্নিতকরণ।কোভিড-১৯ এর সংক্রমণ এবং প্রাদুর্ভাব কমানো এবং রোগ ছড়িয়ে পড়াকে বিলম্বিত করা।
পরীক্ষকদলের কাঠামো, সুরক্ষা ব্যবস্থা এবং তাদের জন্য সরঞ্জামাদি	কাঠামো দায়িত্বপ্রাপ্ত কর্মীদের সামর্থ্য , জ্ঞান ও কর্মপরিধি <ul style="list-style-type: none">সন্দেহভাজন কোভিড-১৯ ব্যক্তির স্বাক্ষাৎকার গ্রহণ এবং কোভিড-১৯ রোগীর সংস্পর্শে আসা ব্যক্তিদের চিহ্নিত করা।ক্লিনিক্যাল অবস্থার গুরুত্ব বিবেচনার ভিত্তিতে কোভিড-১৯ ব্যক্তি এবং সংস্পর্শে আসা ব্যক্তিদের বাছাই করবে এবং পৃথক করবে।সন্দেহভাজন কোভিড-১৯ ব্যক্তিদের শ্বাসতন্ত্রের নমুনা সংগ্রহ করবে।পরবর্তী সংক্রমণ রোধের জন্য পরামর্শ এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। সুরক্ষা ব্যবস্থা কোভিড-১৯ ভাইরাসটি স্পর্শ, হাঁচি-কাশির সাথে নির্গত কণা, পরিধানের পোশাক, বিছানার চাদর ইত্যাদির মাধ্যমে ছড়ায়। সংক্রমণের সম্ভাবনা কমিয়ে আনতে পরীক্ষকদের দল এমনভাবে গঠন করবে - <ul style="list-style-type: none">যেন সন্দেহভাজন কোভিড-১৯ ব্যক্তির সংস্পর্শ ন্যূনতম হয়।যেন পরীক্ষকদলের সকল সদস্য কোভিড-১৯ রোগের উপর পারস্পরিক যোগাযোগ (আইপিসি) এবং প্রয়োজনীয় পদক্ষেপগুলোর উপর প্রশিক্ষণপ্রাপ্ত হয়।যেন পরীক্ষকদল সুযোগ থাকা সাপেক্ষে সন্দেহভাজন ব্যক্তি এবং সংস্পর্শে আসা ব্যক্তির স্বাক্ষাৎকার টেলিফোনে গ্রহণ করবে। অথবা এক মিটার বা তিন ফুটের বেশি দূরত্ব বজায় রেখে এই স্বাক্ষাৎকার গ্রহণ করতে হবে। সরঞ্জামাদি <ul style="list-style-type: none">পর্যাপ্ত পরিমাণে এবং যথাযথ ব্যক্তিগত সুরক্ষা সামগ্রী প্রদান করতে হবে।জৈব (Biological) নমুনা সংগ্রহের জন্য উপাদান সমূহ, পরিবহনের পাত্র, ভাইরাস পরিবহনের মাধ্যম (Viral Transport Media), লেবেল, ব্যাগ, শীতলীকরণ যন্ত্র (Cooler) এবং কোল্ড প্যাক সংগ্রহ করতে হবে।পরীক্ষাসমূহের প্রোটোকল, প্রশাসনসমূহ, সংস্পর্শ চিহ্নিতকরণ এবং পর্যবেক্ষণের সরঞ্জামাদি এবং জাতীয় কেস ডেফিনেশন এর অনুলিপি সংগ্রহ করতে হবে।
পরীক্ষার কেস ডেফিনেশন	পরীক্ষার জন্য বিশ্ব স্বাস্থ্য সংস্থার/ জাতীয় কেস ডেফিনেশনকে সমন্বয় করতে হবে যেন অতিরিক্ত সম্ভাব্য কোভিড-১৯ রোগী এবং সংস্পর্শে আসা ব্যক্তিদের চিহ্নিত করা যায়।

<p>কোভিড-১৯ রোগীর সরাসরি সংস্পর্শে আসা ব্যক্তিকে চিহ্নিতকরণ</p>	<p>একজন সনাক্তকৃত কোভিড-১৯ রোগীর উপসর্গ দেখা দেয়ার দুইদিন আগে থেকে এবং ১৪ দিন পর পর্যন্ত সংস্পর্শে আসা সকল ব্যক্তি, পারিবারের সদস্য, কর্মক্ষেত্রের সহকর্মী এবং স্বাস্থ্যকর্মীদের ঠিকানা বের করতে হবে। ডেমোগ্রাফিক তথ্য, সর্বপ্রথম এবং সর্বশেষ সাধারণ লক্ষণের তারিখ অথবা সন্দেহভাজন বা সনাক্তকৃত কোভিড-১৯ রোগী সংস্পর্শে আসার তারিখ, এবং যদি জ্বর বা রেসপিরেটরি লক্ষণসমূহ থেকে থাকে তাহলে সেটির শুরুর তারিখ অন্তর্ভুক্ত করে একটি তালিকা তৈরি করতে হবে। কোন সম্ভাব্য কোভিড-১৯ আক্রান্ত ব্যক্তি যদি সনাক্তকৃত কোভিড-১৯ দ্বারা আক্রান্ত হয় তাহলে কোভিড-১৯ রোগীর সাথে তার কী ধরনের সংস্পর্শ ঘটেছে তা সবিস্তারে নথিভুক্ত করতে হবে।</p>
<p>কোভিড-১৯ কেস এবং সংস্পর্শে আসা ব্যক্তিদের ব্যবস্থাপনা</p>	<p>কোভিড-১৯ কেস</p> <ul style="list-style-type: none"> • সন্দেহভাজন কোভিড-১৯ রোগী যার মারাত্মক শ্বাসতন্ত্রের সংক্রমণ রয়েছে তাকে অগ্রাধিকার দিয়ে সাথে সাথে আলাদা করতে হবে এবং স্বাস্থ্যসেবা প্রদানকারী সংস্থার সাথে প্রথমিক যোগাযোগ সম্পন্ন করতে হবে। • অবস্থার অবনতি না ঘটলে মৃদু উপসর্গ প্রদর্শনকারীদের হাসপাতালে ভর্তির প্রয়োজন নেই। কখন হাসপাতালে ভর্তি করতে হবে সে বিষয়ে সতর্ক থেকে ঘরেই চিকিৎসা নেয়া ভাল। <p>সংস্পর্শে আসা ব্যক্তি</p> <ul style="list-style-type: none"> • সন্দেহভাজন কোভিড-১৯ রোগীর এর সংস্পর্শে আসা ব্যক্তিদের স্বাস্থ্য কর্তৃপক্ষ শ্বাসতন্ত্রের সংক্রমণ সম্পর্কিত এবং হাত ধোয়ার স্বাস্থ্য বিধি সম্পর্কে পরামর্শ দিবেন। এক্ষেত্রে, সন্দেহভাজন কোভিড-১৯ রোগীর এপিডেমিওলজিক্যাল পরিস্থিতি এবং সম্পদের প্রতুলতা, উপসর্গ সমূহের পর্যবেক্ষণের (Self-Monitoring), সামাজিক দূরত্ব বজায় রাখা অথবা কোয়ারেন্টাইন এর ব্যবস্থা বিবেচনায় রাখতে হবে। • বিশ্ব স্বাস্থ্য সংস্থার পরামর্শ অনুযায়ী পরীক্ষার মাধ্যমে সনাক্তকৃত কোভিড-১৯ রোগীর সরাসরি সংস্পর্শে এসেছে, তাদের সনাক্তকৃত রোগীর সাথে শেষ সংস্পর্শ থেকে পরবর্তী ১৪ দিন পর্যন্ত কোয়ারেন্টাইনে থাকতে হবে।
<p>ল্যাবরেটরিতে কোভিড-১৯ এর জন্য নমুনা সংগ্রহ এবং পরীক্ষা</p>	<p>সকল সনাক্তকৃত কোভিড-১৯ রোগী এবং তাদের সংস্পর্শে আসা সকল ব্যক্তিদের থেকে, বিশেষ করে সংস্পর্শে আসা ব্যক্তি যাদের মধ্যে কোভিড-১৯ এর উপসর্গ বিদ্যমান, তাদের শ্বাসতন্ত্রের নমুনা/স্যাম্পল সংগ্রহ করতে হবে।</p> <p>কোয়ারেন্টাইনে থাকা ব্যক্তি/ ব্যক্তিদের কোয়ারেন্টাইনে থাকার সময় অতিবাহিত হওয়ার সাথে সাথে তাদের শ্বাসতন্ত্রের নমুনা/স্যাম্পল সংগ্রহ করে পরীক্ষার জন্য পাঠাতে হবে। এক্ষেত্রে কোয়ারেন্টাইনে থাকা ব্যক্তি/ ব্যক্তিদের মধ্যে উপসর্গের উপস্থিতি বিবেচ্য হবে না।</p> <p>নমুনা/স্যাম্পল সংগ্রহকারী এবং পরিবহনের সাথে সংশ্লিষ্ট সকলের নিরাপদভাবে নমুনা ব্যবস্থাপনা এবং জীবানুমুক্তকরণ পদ্ধতির উপর যথাযথ প্রশিক্ষণ নিশ্চিত করতে হবে।</p> <p>পরীক্ষাগারে সনাক্তকৃত কোভিড-১৯ রোগীর ক্ষেত্রে, পর পর দুইদিনে ২টি নমুনার নেগেটিভ/ নেতিবাচক ফলাফল সংক্রমণমুক্ত হবার নিশ্চয়তা প্রদান করে। অনুমিত যে, মৃদু সংক্রমণের ক্ষেত্রে, সুস্থ হওয়ার ১৪ দিন পর এই পরীক্ষা দুটি হতে হবে এবং এই ১৪ দিন প্রাথমিক পরীক্ষার সাথে আপেক্ষিক।</p>
<p>ঝুঁকি সম্পর্কিত যোগাযোগ</p>	<p>কোভিড-১৯ এ সংক্রমিত এবং ঝুঁকিতে আছে এমন জনগণের মধ্যে কোভিড-১৯ এর প্রাদুর্ভাবের পরিস্থিতি মূল্যায়ন করুন। জনগণের ব্যবস্থাপনার উদ্যোগ নিন এবং আসন্ন যে কোন অনিশ্চয়তার বিষয়ে তাদের অবহিত করুন।</p>

	<p>জনগণের মধ্যে সুরক্ষামূলক আচরণ অবলম্বন করার জন্য উৎসাহ প্রদান করতে হবেঃ</p> <p>বারবার সাবান দিয়ে হাত ধোয়া, হাঁচি-কাশির শিষ্টাচার মেনে চলা এবং শ্বাসতন্ত্রের রোগের উপসর্গ দেখা দিয়েছে এমন ব্যক্তিকে এড়িয়ে চলা পরামর্শ প্রদান করুন। জনসাধারণনে যদি উদ্বেগ/সংশয় অথবা রোগের উপসর্গ দেখা দেয় তবে তাদেরকে বিদ্যমান হটলাইন নাম্বার সম্পর্কে অবহিত করুন অথবা তাদেরকে স্বাস্থ্য সেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করার ব্যাপারে উদ্বুদ্ধ করুন।</p> <p>নিম্নোক্ত ক্ষেত্র ব্যাতিত মেডিকেল মাস্ক ব্যবহারে নিরুৎসাহিত করাঃ</p> <ul style="list-style-type: none"> ● শ্বাসতন্ত্রের রোগের উপসর্গ ● স্বাস্থ্যকর্মী সেবাপ্রদানকারী ● শ্বাসতন্ত্রের রোগের উপসর্গ আছে এমন রোগীর সংস্পর্শে এসেছেন (১ মিটারের বা ৩ ফুটের মধ্যে) এমন ব্যক্তি।
<p>পরবর্তী পরীক্ষাসমূহ</p>	<p>জাতীয় কর্তৃপক্ষক সম্ভাব্য এবং সনাক্তকৃত কোভিড-১৯ রোগীর ব্যাপারে চিহ্নিতকরণের ৪৮ ঘন্টার মধ্যে বিশ্ব স্বাস্থ্য সংস্থাকে রিপোর্ট করবেন।</p> <p>এক্ষেত্রে বিশেষ/একক কেস রিপোর্টিং ফর্ম ব্যবহার করে প্রতিবেদন জমা দিবেন। যদি আক্রান্ত/সম্ভাব্য কোভিড-১৯ রোগীর সংখ্যা বৃদ্ধি পায় এবং রিপোর্টিং এর সরঞ্জামাদি অপ্রতুলতা থাকে তাহলে বিশেষ/একক কেস রিপোর্টিং ফর্মের পরিবর্তে প্রাত্যহিক/সাপ্তাহিক রিপোর্টিং ফর্ম রিপোর্ট করতে হবে।</p>
<p>পরবর্তী পরীক্ষাসমূহ</p>	<p>কোভিড-১৯ এর জন্য আদর্শ/স্ট্যান্ডার্ড এপিডিমিওলজিক্যাল প্রটোকল বিশ্ব স্বাস্থ্য সংস্থার ওয়েবসাইটে রয়েছে (https://www.who.int/emergencies/diseases/novel-coronavirus-2019/technical-guidance/early-investigations) । জনস্বাস্থ্য পরীক্ষার পাশাপাশি উক্ত প্রটোকল অনুসারে কাজ শুরু করা যেতে পারে, কিন্তু তা কোন ভাবেই ল্যাব পরীক্ষাকে প্রতিস্থাপন করবে না।</p> <ul style="list-style-type: none"> ● প্রথম কয়েকটি কোভিড-১৯ রোগী এবং তাদের সংস্পর্শে আসা ব্যক্তিদের সংক্রমণ পরীক্ষার প্রটোকল, যার মাধ্যমে সনাক্তকৃত কোভিড-১৯ রোগী এবং তাদের সংস্পর্শে আসা ব্যক্তিদের মধ্যে সংক্রমণের মাত্রা মূল্যায়ন করা যাবে। ● পরিবারিক সংক্রমণের পরীক্ষা প্রটোকল, যার মাধ্যমে পরিবারবর্গের মাঝে সংক্রমণের মাত্রা নিরূপন করা যাবে। ● সনাক্তকৃত কোভিড-১৯ রোগী সেবাপ্রদানকারী স্বাস্থ্য কেন্দ্রে কর্মরত স্বাস্থ্যকর্মীদের মধ্যে কোভিড-১৯ সংক্রমণের ঝুঁকি মূল্যায়ন। ● কোভিড-১৯ ভাইরাস এর সার্ফেস সেন্সপলিং: স্বাস্থ্যকর্মীদের জন্য সার্ফেস/ পৃষ্ঠতল সংক্রমণ এবং পরিবেশগত দূষণ ও সংক্রমণ নিরূপনের জন্য একটি ব্যবহারিক নির্দেশনা “কীভাবে (How to Protocol) প্রটোকল”। ● কোভিড-১৯ এর জীববৃত্তান্ত/ জীবতত্ত্ব বোঝা এবং ক্লিনিক্যাল ফেনোটাইপ ও চিকিৎসা পদ্ধতি আরও ভালোভাবে বর্ণনা করার জন্য বৈশ্বিক কোভিড-১৯ ক্লিনিক্যাল বৈশিষ্ট্যসমূহ নথিভুক্তকরণে কেস রেকর্ড ফর্ম (Clinical Characterizations Record Form) এবং একটি বেনামী তথ্য প্ল্যাটফর্ম তৈরি করতে হবে।

(A) কমিউনিটি পর্যায়ে সংস্পর্শ চিহ্নিতকরণ



(B) স্বাস্থ্যকেন্দ্রে সংস্পর্শ চিহ্নিতকরণ

